গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১১টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি: |
| সভার সময় | সকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | Zoom Online Platform-এ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ভার্চুয়াল |
| উপস্থিতি | সভায় জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক (আইএমইডি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, জনাব মোঃ খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মোসাম্মাৎ শাহানারা খাতুন, অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) জনাব মোঃ আলী রেজা সিদ্দিকী, যুগ্মসচিব (পরিকল্পা অধিশাখা), জনাব আরিফ আহমদ, যুগ্মসচিব (পরিকল্পনা-১) জনাব মোঃ রফিকুল আলম (যুগ্মপ্রধান) ভৌত অবকাঠামো বিভাগ, জনাব মোঃ বজলুর রশিদ, (যুগ্মপ্রধান) সাধারন অর্থনৈতিক বিভাগ, জনাব মোঃ মানজুরুল মান্নান (যুগ্মসচিব) অর্থ বিভাগ, জনাব মোঃ ইউনুছ মিয়া (যুগ্মপ্রধান) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, জনাব মোঃ মাহাবুব হাছান, তত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, জনাব বিশ্বজিৎ বড়ুয়া (তত্বাবধায়ক স্থপতি) স্থাপত্য অধিদপ্তর, লেঃ কর্ণেল মোঃ রেজাউল করিম, পিএসসি, পরিচালক (উন্নয়ন) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর; ও জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব (পরিকল্পনা-২) সুরক্ষা সেবা বিভাগ ও মোঃ শহীদ আতাহার হোসেন, প্রকল্প পরিচালক সভায় অংশগ্রহণ করেন। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বর্তমান করোনা সংক্রমন পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' ও 'ক্রয় পরিকল্পনা' অনুযায়ী প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম সম্পাদন করার নির্দেশনা প্রদান করেন। অত:পর তিনি প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটির মেয়াদ জানুয়ারী/২০১৯ হতে জুন/২০২২ পর্যন্ত সময় মেয়াদে বাস্তবায়িত হচ্ছে এবং প্রকল্পের ব্যয় ৬৪৫.৬৮ কোটি টাকা। প্রকল্প পরিচালক এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ১১টি মডার্ণ ফায়ার স্টেশনের অগ্রগতি স্টেশন ভিত্তিক একে একে উপস্থাপন করেন। এ সময় সভাপতি প্রণয়নকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী তিনি জানান যে, প্রকল্পের অধীনে রূপপুর গ্রীনসিটি ও সারাবো (কাশিমপুর) এর নির্মান কাজ শেষ হয়েছে। সাভার সেনানিবাস, জিরাবো এর অগ্রগতি ৯০%, গাজীপুর চৌরাস্তায় প্রকল্পের অগ্রগতি ৮২%, কাঁচপুর ব্রিজ, নারায়নগঞ্জ এর অগ্রগতি ৬২%। এগুলো যথাক্রমে এপ্রিল ও জুন, ২০২২ এর মধ্যে নির্মাণ কাজ শেষ হবে। কর্ণফুলি চট্রগ্রামের কাজ ৬০% হবার কথা থাকলেও কাজ হয়েছে ৩৮%, শিবু মার্কেটের অগ্রগতি মাত্র ১০% এবং গত ডিসেম্বর, ২০২১ স্টেশনটির কাজ শুরু হয়েছে। এ পর্যায়ে গণপূর্ত অধিদপ্তরের তত্বাবধায়ক প্রকৌশলী সভাকে জানান যে, স্টেশনটির

চাহিদা থেকে ৪ শতক জমি কম প্রদান করা হয়েছে, এতে স্থাপত্য নক্সা অনুযায়ী কাজ করা যাচ্ছে না। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এ পর্যায়ে বলেন যে, শিবু মার্কেট মূলত আবাসিক ও বাণিজ্যিক এলাকা, জমি পাওয়া কঠিন, রাস্তার ৪ শতক জমি পাওয়া যায় নাই, তাই প্রাপ্য জমির উপর স্থাপত্য নক্সা পুনর্গঠনের জন্য স্থাপত্য অধিদপ্তরে এটি প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে স্থাপত্য অধিদপ্তরের অতিঃপ্রধান প্রকৌশলী বলেন তারা এটি পেয়েছেন ও দ্রুত কাজ শেষ করবেন। এ পর্যায়ে প্রকল্প পরিচালক বলেন যে, কালুরঘাট, চট্রগ্রামের টেন্ডার হয়েছে, মার্চে এটি ওপেন করা হবে। রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের জমি অধিগ্রহনের অর্থ পরিশোধ করা হয়েছে। এক প্রশ্নের জবাবে গণপূর্ত বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে জানান যে, তারা ঠিকাদারের সঙ্গে যে সকল স্টেশন নির্মাণ কাজ আগামী অর্থবছরের শেষ হবে সেগুলো পুনরায় চুক্তি করা হয়েছে।

০৩। এ পর্যায়ে আইএমইডি, একনেক ও ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি জানান যে, বিবেচ্য প্রকল্প নিয়ে তাদের তেমন কোন মন্তব্য নাই তবে চুক্তি নবায়নের প্রয়োজন হলে সেগুলো সময়মতো করে নিতে হবে। যুগ্মসচিব (পরিকল্পনা-১ শাখা) সভাকে জানান যে, যে স্টেশনের টেন্ডার হয়নি তা দ্রুত করা প্রয়োজন। নতুন রেট সিডিউল করা হলে এর ব্যয় বৃদ্ধি পেতে পারে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর জানান যে, রুপপুর পারমানবিক সিটির প্রকল্প অনুমোদনের পর্যায়ে রয়েছে। এটি হলে দ্রুত টেন্ডার করা হবে।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

১. কর্মপরিকল্পনা অনুযায়ী মানসম্মত ভাবে প্রকল্প যথাসময় সমাপ্ত করতে হবে;
২. এপিএ এর নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সংখ্যক পিআইসি ও পিএসসি সভা করতে হবে;
৩. নিয়মিত ভাবে প্রকল্পের স্টেশনসমূহ পরিদর্শন করতে হবে ও কোন বিষয় থাকলে তা অধিদপ্তরকে অবহিত করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯.১০৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮
০১ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, আইএমইডি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৪) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৫) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
৭) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৮) যুগ্মপ্রধান, সাধারণ অর্থনৈতিক বিভাগ

৯) যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ

১০) যুগ্ম সচিব, বাজেট-২ অধিশাখা, অর্থ বিভাগ

১১) তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর

১২) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

১৩) উপসচিব , পরি-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

১৪) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ১১ মর্ডাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

১৫) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

১৬) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

আরিফ আহমদ
উপসচিব